গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহিফল অনুষ্ঠিত

গাংনী রিপোটার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ২৬ রমজার বিকেলে গাংনী পাইলট হাইস্কুল মাঠে অনুষ্ঠিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

রিপোটার্স ক্লাবের সভাপতি আনারুল ইসলাম বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

ইফতার ও দোয়া মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

ইফতার মাহফিলে রিপোটার্স ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকন, সম্পাদক নুরুজ্জামান পাভেল, দৈনিক সুর্যোদয় পত্রিকার প্রকাশক আবুল কাশেম অনুরাগী, ভারপ্রাপ্ত সম্পাদক আতিক স্বপন, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সম্পাদক মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইফতার পুর্ববর্তী দোয়া পরিচালনা করেন মাওলানা মোঃ জাহিদুর রহমান।

গাংনীতে পরিবারের প্রতি

অভিমানে শরীরে পেট্রোল ঢেলে তরুণের মৃত্যু

মোটরসাইকেল চড়া নিয়ে পরিবারের প্রতি অভিমান করে শরীরে পেট্রোল ঢেলে এক তরুণের মৃত্যু হয়েছে। নিহতের নাম তারিখ হোসেন (১৭)। সে মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোল্লা পাড়ার লাভলু হোসেনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার দুপুরে মোটরসাইকেল চড়া নিয়ে পরিবারের সাথে ঝামেলা হয় তারিখের। এক পর্যায়ে তার কাছ থেকে মোটরসাইকেলের চাবি কেড়ে নেয় পরিবারের লোকজন। সেই কারণে তারিখ পরিবারের প্রতি অভিমান করে শরীরে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে। গুরুতর দগ্ধ অবস্থায় তাকে উদ্ধার করে কুষ্টিয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে সেখানে অবস্থার অবনতি ঘটলে উন্নত চিকিৎসার জন্য শেখ হাসিনা বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট ঢাকায় রেফার্ড করে কুষ্টিয়ার কর্তব্যরত চিকিৎসকেরা।

অগ্নিদগ্ধ হয়ে তারিখের শরীরের অর্ধেকেরও বেশি অংশ পুড়ে গেছে। গত সোমবার (১৭ই এপ্রিল) বিকেলে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

বিষয়টি নিশ্চিত করে স্থানীয় ইউপি সদস্য (কাজিপুর ইউনিয়ন) মো: মহিবুল ইসলাম জানান, গত ৬দিন আগে মোটরসাইকেল চড়া নিয়ে পরিবারের সাথে ঝামেলার কারণে ছেলেটি শরীরে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে। বিভিন্ন জায়গায় চিকিৎসা নিয়েও অবস্থার উন্নতি হয়নি; গতকাল ঢাকায় মারা যায়। গতকাল মঙ্গলবার দুপুর ২টায় হাড়াভাঙ্গা মোল্লা পাড়ায় তার দাফন সম্পুর্ন হয়েছে।

গাংনীর কাথুলী ইউপিতে ভিজিএফের

চাউল বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে আসন্ন ঈদ উপলক্ষে ভিজি এফের চাউল বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ৯ সময় অসহায় দুস্ত ইউনিয়নের ৩৫২৫ টি পরিবারের মধ্যে চাউল বিতরণের কার্যক্রম সুরু হয়েছে।

ভিজিএফ চাউল বিতরণের শুভ উদ্বোধন করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু।

এ সময় উপস্থিত ছিলেন ২ নং ওয়ার্ড গাড়াবাড়ীয়া ইউপি সদস্য জিনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ড ইউপি আশরাফুল ইসলাম, ইউপি সদস্য বাবলু মিয়া, ইউনিয়ন পরিষদের সচিব আব্দুল মতিন, সহকারী সচিব আসলাম হোসেন। সহ গ্রাম পুলিশ বাহিনী।

এ বিষয়ে ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপহার হিসেবে অসহায় দুস্ত গরীব দুঃখী মানুষের মাঝে আমার ইউনিয়নের ৩৫২৫ জন উপকারভোগীকে সহযোগিতা করা হচ্ছে। আজ ইউনিয়নের ৫ টি ওয়ার্ডে ২০০০ এর উপরে চাউল বিতরণ হবে বাকিগুলো আগামী কাল বিতরণ হবে।

নিখোঁজের ১২ ঘন্টা পর গাংনীতে শিশুর মরদেহ উদ্ধার

পুকুরে নিখোঁজের ১২ ঘন্টা পর সাব্বির হোসেন (১২) নামের এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে। নিহত সাব্বির হোসেন গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের জাহিদ হোসেন ও সৌদি প্রবাসী শাবানা খাতুনের ছেলে।

আজ রবিবার দুপুর তিনটার দিকে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় পুকুরের সিড়ির নিছ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। পুকুরের সিড়ির নিচে আটকে তার মৃত্যু হয়ে থাকতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করছে পরিবারের লোকজন।

জাহিদ হোসেন জানান, গতকাল শনিবার দুপুরে ছোট ভাই ও বন্ধুদের সাথে স্কুলের পুকুরে গোসল করতে যায় সাব্বির। খেলতে গিয়ে অসাবধানতা বসত পুকুরের সিড়ির নিচে আটকে পড়ে শিশুটি। সবাই পুকুর থেকে উঠে পড়লেও সাব্বিরকে খুজে পাওয়া যাচ্ছিলনা।

বিষয়টি তার বন্ধুদের নজরে ছিল না। গোসল শেষে তারা বাড়ি ফিরলেও সাব্বির বাড়ি ফেরেনি। তখন থেকে খোঁজাখুজি শুরু হয়। এক পর্যায়ে তার পিতার সন্দেহ হলে আজ রবিবার দুপুরের দিকে তিনি ওই পুকুরে গিয়ে ছেলের খোঁজ করতে থাকেন। এসময় সিড়ির নিচে আটকে থাকা সাব্বিরের মরদেহ উদ্ধার করেন তিনি।
গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেন।

গাংনীতে র্যাবের অভিযানে দেড় কেজি গাঁজাসহ আটক ১

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) একটি টিম অভিযান চালিয়ে দেড় কেজি ভারতীয় গাঁজাসহ মোঃ নাহিদ ইসলাম (২০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটক নাহিদ হোসেন গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের মোঃ লাল্টু মিয়ার ছেলে। আজ রবিবার (১৬ এপ্রিল) দুপুরের দিকে এই অভিযান চালান র্যাব।

র্যাব-১২ মেহেরপুর সিপিসি-২ এর গাংনী ক্যাম্প কমান্ডার সিনিয়র সহকারি পুলিশ সুপার (এএসপি)মোঃ গোলাম ফারুকের নেতৃত্বে র্যাবের একটি টিম গাংনী উপজেলার রামকৃষ্ণপুরধলা গামী পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার নিকট থেকে দেড় কেজি গাঁজা

উদ্ধার করা হয়। একটি মোবাইল ফোন জব্দ করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে বর্ণাঢ্য আয়োজনে বর্ষবরণ উৎসব উৎযাপন

মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে পালিত হয়েছে বর্ষবরণ উৎসব। শুক্রবার সকাল সাড়ে ৮টার সময় গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে একটি বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

এতে নেতৃত্ব প্রদান করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু,সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেনসহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,রাজনৈতিক নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ। শোভাযাত্রাটি উপজেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

পরে উপজেলা পরিষদ চত্বরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠিত।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসললাম আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু,উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান একেএম শফিকুল

আলম প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মাহবুবুল হক মন্টু।

এদিকে পহেলা বৈশাখ উপলক্ষে গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানসহ অন্যান্য সংগঠনগুলো নানা কর্মসূচির আয়োজন করে।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে প্রবাস ফেরতের মৃত্যু

গরুর গোয়াল ঘরে বিদ্যুতের লাইন টানতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা গেলেন দুবাই প্রবাস ফেরৎ হাবিবুর রহমান (৪৫)। নিহত হাবিবুর রহমান গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের বিজিবি ক্যাম্প পাড়া এলাকার আবু বক্কর সিদ্দিকের ছেলে।

আজ শুক্রবার (১৪ এপ্রিল) বেলা ১০ টার সময় বাড়িতে গোয়াল ঘরের বিদ্যুতের লাইন টানতে গিয়ে এই ঘটনা ঘটে।

নিহত হাবিবুর রহমানের বড় ভাই হাফিজুর রহমান বলেন, বাড়ির পাশে নিজের গরুর জন্য গোয়াল ঘর ঘরের জন্য বিদ্যুতের তার টানাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হন হাবিবুর রহমান। তাকে মূমূর্ষ অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ে ্র নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃতু ঘোষণা করেন। তিনি বলেন, হাবিবুর প্রবাস থেকে ফিরে এসে টাইলস ও রাজমিস্ত্রির কাজ করছিলেন। আবারও বিদেশ যাওয়ার জন্যও প্রস্তুতি নিচ্ছিলেন তিনি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ে ্রর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আবীর হাসান বলেন, হাসসপাতালে আসার আগেই মারা গেছেন তিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, খবর পেয়ে উপপরিদর্শক (এসআই) শাহীন মিয়া ঘটনাস্থলে গিয়ে মরদেহের প্রাথমিক সুরোতহাল নিয়েছে।

গাংনীর বাওট বাধাগ্রস্থ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ঈদ সামগ্রি বিতরণ

মেহেরপুরের গাংনীর বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের তিন শতাধিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে ঈদ উপহার সামগ্রি বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১১ টার সময় বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয় প্রাঙ্গণে ঈদ উপহার সামগ্রি বিতরণ করা হয়।

রুরাল রিকন্ট্রাকশন সেন্টার(সিআরসি) কর্তৃক আয়োজিত ঈদ সামগ্রি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সোহেল আহমেদ। এসময় সিআরসি ও বিদ্যালয়ের পরিচালক এনামুল হকসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিথ ছিলেন।

প্রতি বছরের ন্যায় এবার ঈদের আগে ঈদ উপহার সামগ্রি পেয়ে খুশিতে বাড়ি ফেরেন প্রতিবন্ধী শিশু ও তার অভিভাবকরা। বিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থীদের মাঝে ঈদ সামগ্রি বিতরণ করা হয়। এসময় বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দরাও উপস্থিত ছিলেন।

গাংনীর মটমুড়া ইউনিয়ন পরিষদের

ভিজিএফএর চাউল বিতরণ

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে ভিজিএফএর চাউল বিতরন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে চাঊল বিতরণের উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে অসহায় মানুষের মাঝে সুষ্ঠ ও সমভাবে চাউল বিতরণের সময় উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৭ হাজার ২৬জন উপকারভোগীদের মাঝে সরকারি এই খাদ্য সহায়তা ভিজিএফ বিতরণ করা হবে।

এসময় ইউপি সচিব, ট্যাগ অফিসার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারি শিক্ষা অফিসার আলাউদ্দীন আহম্মেদ, স্থানীয় ইউপি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে চাউল না দিয়ে কার্ড ছিড়ে দিলেন ডিলার

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সিমা খাতুন নামের এক উপকার ভোগীর সরকারী খাদ্যবন্ধব কর্মসুচির কার্ডে চাউল না দিয়ে কার্ড ছিড়ে টুকরো টুকরো করে দেয়ার অভিযোগ উঠেছে কর্মসুচীর ডিলার আব্দুস সবুর ইলিয়াসের বিরুদ্ধে। গতকাল বুধবার বেলা ১১ টার সময় খাদ্যবান্ধব কর্মসুচীর কার্ডে চাউল উত্তোলনের সময় কার্ড ছিড়ে ফেলার ঘটনা ঘটে। পরে ছেড়া কার্ডের টুকরোগুলোও সযত্নে গুছিয়ে নিয়ে চোখ মুছতে মুছতে বাড়ি ফেরেন অসহায় নারী সিমা খাতুন।

সিমা খাতুন গাংনী উপজেলার কাথুী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের মৃত মাহাবুলের স্ত্রী।

সিমা খাতুনের অভিযোগে জানাগেছে, আমার স্বামী একমাত্র উপার্জনের

টাকা ভর্তুকি দিয়ে দুস্থ অসহায় মানুষকে খাদ্য সহায়তা করে চলেছেন। এটি বিশ্বব্যাপী সরকারের সফলতা। আর এই কার্যক্রমকে যদি কোন ডিলার বাধাগ্রস্থ কেও তার বিরুদ্ধে লাইসেন্স বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থঅ নেয়া হবে। তিনি আরও জানান, ঘটনাটি আমি শূনেছি। উপজেলা নির্বাহী অফিসার আমার কাছে সিমা খাতুনকে পাঠিয়েছিলেন। আমি এ বিষয় নিয়ে পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত জানাবো।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা ইশরাত জাহান জানান, ডিলার যদি কোন উপকার ভোগীর কার্ড ছিড়ে ফেলে সেটি কঠিন অপরাধ। বিষয়টি ক্ষতিয়ে দেখে ডিলঅরের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু জানান, সিমা খাতুন নামের একজন নারী আমার কাছে এসে ডিলারের বিরুদ্ধে কার্ড ছিড়ে দেয়ার অভিযোগ করেছেন। আমি তাৎক্ষণিক স্থানীয় চেয়ারম্যান সাহেবকে বিষয়টি তদন্ত করে লিখিত প্রতিবেদন দিতে বলেছি। প্রতিবেদন পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।